গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
**জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন**
এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬
ফ্যাক্সঃ ৮০৩৫০৫৩, ইমেইলঃ jpuf38@yahoo.com

# চলতি ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন টিমের প্রথম সভার কার্যবিবরণী।

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ইনোভেশন টিমের প্রথম সভা ২৩ আগষ্ট ২০২২ তারিখ বেলা ১১.০০টায় ফাউন্ডেশনের পরিচালক (পরিঃ, উন্নঃ ও তথ্যপ্রযুক্তি) মহোদয়ের সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে অনুষ্ঠিত হয়। উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক) তে সংযুক্ত করা হলো।

০২। সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুসারে নিম্নরুপ আলোচনা সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| আলোচ্যবিষয়-১: চলতি অর্থ বছর ২০২২-২৩ এর উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন জোরদারকরণ | কার্যক্রম [১.১] এর কর্মসম্পাদন সুচক [১.১.১] অনুযায়ী সেবা সহজীকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। ২০২২-২৩ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম আগামী ০৪/০৫/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফরম এর "থেরাপি সার্ভিস এন্ড কনস্যালট্যাশন সেন্টার" সার্ভিসটি পাইলটিং পর্যায়ে রয়েছে। উক্ত সার্ভিসটি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। |
| | কার্যক্রম [১.২] এর কর্মসম্পাদন সুচক [১.২.১] অনুযায়ী ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ ১৩/১০/২০২২ তারিখের মধ্যে প্রস্তুত করার বিশয়ে আলোচনা হয়। | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত করতে হবে। |
| | কার্যক্রম [১.৩] এর কর্মসম্পাদন সুচক [১.৩.১] অনুযায়ী ই-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে। ই-নথির মাধ্যমে শতকরা ৮৫% নোট নিষ্পত্তি করার বিষয়টি বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় বর্ণিত আছে মর্মে প্রোগ্রামার সভাকে অবহিত করেন।<br>কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য নির্ধারিত রিপোর্ট, ছুটি, পুনরাবৃত্তিমূলক কার্যক্রমসমূহের পত্র আবশ্যিকভাবে ইনথিতে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়।<br>ই-নথি কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য লগিন রিপোর্ট ও অনিপন্ন কার্যক্রমের তালিকা সম্বলিত একটি প্রতিবেদন নিয়মিতভাবে উপপরিচালক (উন্নঃ ও তথ্যপ্রযুক্তি) বরাবর দাখিল করার বিষয়ে আলোচনা হয়। | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের প্রোগ্রামার ই-নথি কার্যক্রমের পদবীভিত্তিক লগইন ও অনিষ্পন্ন তালিকা উপপরিচালক (উন্নঃ ও তথ্যপ্রযুক্তি) বরাবর দাখিল করবেন।<br><br>কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য উপপরিচালক (উন্নঃ ও তথ্যপ্রযুক্তি) তদঅনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | কার্যক্রম [১.৪] এর কর্মসম্পাদন সুচক অনুযায়ী শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা আগামী ৩১/১০/২০২২ প্রণয়ন করার নির্দেশনা রয়েছে। জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন থেকে গত ২০২১-২২ অর্থবছরে "Smart Wheelchair for Person With Disablilty" কার্যক্রম গ্রহণ করা হয়েছিল। নতুনভাবে কোন কার্যক্রম না নিয়ে সেটি বাস্তবায়নের কর্মপরিকল্পনা প্রণয়ন করার জন্য উপস্থিত সকলে একমত পোষণ করেন। | "৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আগামী ৩১/১০/২০২২ তারিখের মধ্যে "Smart Wheel Chair for Persons with Disability in align with 4IR" প্রকল্প বাস্তবায়নের জন্য দ্রুততম সময়ের মধ্যে একটি বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। |
| | উক্ত কর্মপরিকল্পনা প্রণয়নের পূর্বে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক ২টি কর্মশালার মধ্যে প্রথম কর্মশালা আগামী সেপ্টেম্বর/২০২২ এর মধ্যে আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।<br>দ্বিতীয় কর্মশালাটি জানুয়ারি/২০২৩ এর মধ্যে আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় অনুষ্ঠিতব্য প্রথম কর্মশালা "4IR কার্যক্রম সংশ্লিষ্ট খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি, রিসোর্স পার্সন, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও জেপিইউএফ এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ও এটুআই এর প্রতিনিধি" গণের সমন্বয়ে আগামী সেপ্টেম্বর/২০২২ এর মধ্যে ১ম কর্মশালা ও জানুয়ারি/২০২৩ এর মধ্য ২য় কর্মশালা আয়োজন করতে হবে। |
| আলোচ্যবিষয়-২: প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | কার্যক্রম [২.১] অনুযায়ী তথ্য বাতায়ন ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>এক্ষেত্রে, পত্র/নোটিশ/কার্যবিবরণী ইস্যুকারী/সংশ্লিষ্ট কর্মকর্তা ওয়েবসাইটে প্রকাশিতব্য তথ্যাদির কপি প্রোগ্রামার, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন-কে প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | পত্র/নোটিশ/কার্যবিবরণী ইস্যুকারী/সংশ্লিষ্ট কর্মকর্তা ওয়েবসাইটে প্রকাশিতব্য তথ্যাদির কপি প্রোগ্রামার, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন-কে প্রদান করে ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে নিশ্চিত হবেন। |
| | কার্যক্রম [২.২] এর কর্মসম্পাদন সুচক [২.২.১] অনুযায়ী ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪ টি প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪ টি প্রশিক্ষণ প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন করতে হবে। |
| | কার্যক্রম [২.২] এর কর্মসম্পাদন সুচক [২.২.৩] ও [২.২.৪] অনুযায়ী উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১৫/০১/২০২৩ এর মধ্যে প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে বিধায় নির্ধারিত সময়ের মধ্যে অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | নির্ধারিত সময় ১৫/০১/২০২৩ এর মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে। উক্ত মূল্যায়ন প্রতিবেদন ৩১/০১/২০২৩ এর মধ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | কার্যক্রম [২.২] এর কর্মসম্পাদন সূচক [২.২.৫] অনুযায়ী দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ আগামী ৩১/০৫/২০২৩ এর মধ্যে পরিদর্শন করার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক গৃহীত "প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়ক উপকরণ কারখানা" ও "Smart Wheel Chair for Persons with Disability in align with 4IR" প্রকল্প বাস্তবায়ন হলে অভিজ্ঞতা/স্ট্যাডি ট্যুর আয়োজন সম্ভব হবে মর্মে সভায় আলোচনা হয়। | ফাউন্ডেশনের মাধ্যমে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ আগামী ৩১/০৫/২০২৩ এর মধ্যে পরিদর্শন করতে হবে। |

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৬।০৯।২০২২

(প্রভাষ চন্দ্র রায়)
যুগ্মসচিব
পরিচালক (পরিঃ ও উন্নঃ)

স্মারক নম্বরঃ ৪১.০২.০০০০.২০.২৩.০২৩.২০১৫ (অংশ-২) ১৫৮৩

তারিখঃ ০৬/০৯/২০২২

বিতরণঃ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) উপপরিচালক (উন্নঃ ও তথ্যপ্রযুক্তি), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন।
২) উপপরিচালক (প্রশাঃ ও অর্থঃ), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন।
৩) উপপরিচালক (কার্যক্রম) (চঃ দাঃ), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন।
৪) প্রোগ্রামার, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সিস্টেম এনালিষ্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩) পরিচালক (প্রশাঃ ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);